# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

এপ্রিল–ডিসেম্বর, ২০২৪ | ৫৪–৫৬ তম সংখ্যা

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সপ্তম উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-কে ১৮ সেপ্টেম্বর, ২০২৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের



উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি

চ্যান্সেলর ৪ বছরের জন্য নিয়োগ প্রদান করেছেন। ১৯ সেপ্টেম্বর, ২০২৪ অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সপ্তম উপাচার্য হিসেবে যোগদান করেন।

### সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর জন্ম ১৯৫৭ সালের ২৫ অক্টোবর। তাঁর পৈত্রিক নিবাস খুলনা বিভাগের সাতক্ষীরা জেলায়। ব্যক্তিগত জীবনে তিনি দুই কন্যা সন্তানের পিতা।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগ থেকে কৃতিত্বের সাথে স্নাতক এবং স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরবর্তী ১৯৯৬ সালে জাপানের সুকুবা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ও ১৯৯৯ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি ১৯৮৬ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগে শিক্ষক হিসেবে যোগদান করেন। তিনি ১৯৮৬ থেকে ২০০৫ সাল পর্যন্ত বিভিন্ন সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন হিসেবে দায়িত্বপালন করেন। পরবর্তী সময়ে খুলনা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান ডিসিপ্লিনের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান স্কুলের ডিন হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৮ সালে তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক পদে যোগদান করেন এবং সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন হিসেবে দায়িত্বরত ছিলেন। পাশাপাশি তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের রুলস রেগুলেশন তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। অধিকন্তু তিনি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেট সদস্য ছিলেন।

জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত তাঁর লেখা ৫২টি গবেষণা প্রবন্ধ রয়েছে। এছাড়াও তিনি ৪১টি গবেষণা প্রকল্প সম্পন্ন করেছেন এবং বর্তমানে একাধিক গবেষণা প্রকল্প পরিচালনা করছেন। সামাজিক গবেষণা পদ্ধতি, ক্ষুদ্রঋণ, উন্নয়ন, মানবাধিকার ও সামাজিক ন্যায়বিচার, দারিদ্র্য বিমোচন, অপরাধবিদ্যা এবং সংশোধনমূলক পরিষেবা, পরিবার ও শিশু কল্যাণ, শ্রমকল্যাণ প্রভৃতি তাঁর গবেষণার ক্ষেত্র।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাবিনা শরমীন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ ও প্রথম নারী ট্রেজারার হিসেবে যোগদান করেন ২৮ অক্টোবর ২০২৪।

গত ২৭ অক্টোবর, ২০২৪ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১২(১) ধারা অনুযায়ী তাঁকে ট্রেজারার পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।

### সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

অধ্যাপক ড. সাবিনা শরমীন ১৯৭৫ সালের ২৮ ডিসেম্বর নড়াইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ থেকে কৃতিত্বের সাথে স্নাতক এবং স্নাতকোত্তর সম্পন্ন করেন এবং একই বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগ থেকে ২০১৭ সালে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।



ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন

অধ্যাপক ড. সাবিনা শরমীন ২০০৩ সালে তৎকালীন সরকারি জগন্নাথ কলেজে এবং পরবর্তী ২০০৮ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগে শিক্ষক হিসেবে যোগদান করেন। এছাড়াও তিনি তাঁর পেশাগত জীবনে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে দায়িত্ব পালন করেন। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, একমাত্র ছাত্রী হলের প্রভোস্ট এবং বিভিন্ন কমিটিতে গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত তাঁর উল্লেখযোগ্য সংখ্যক গবেষণাপ্রবন্ধ রয়েছে। এছাড়াও তিনি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে একাধিক গবেষণা প্রকল্প সম্পন্ন করেছেন। অপরাধবিদ্যা এবং সংশোধনমূলক পরিষেবা, পরিবার ও শিশু কল্যাণ, শিশু অধিকার, শিশু সামাজিকীকরণ, মা ও শিশু স্বাস্থ্য, কিশোর অপরাধ ও আইন প্রভৃতি তাঁর গবেষণার ক্ষেত্র। ব্যক্তিগত জীবনে তিনি দুই পুত্র সন্তানের জননী।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৪ উদ্‌যাপিত

'বিপ্লবে বলীয়ান–নির্ভীক জবিয়ান' মূল প্রতিপাদ্যকে সামনে রেখে নানা আয়োজনের মধ্য দিয়ে ২০ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৪ তথা ১৯তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়। দিনব্যাপী অনুষ্ঠানসমূহের মধ্যে ছিল র‍্যালি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা ফলক (পুনঃস্থাপন) উন্মোচন, চারুকলা ও আলোকচিত্র প্রদর্শনী, নবীন শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিভাগে, ইন্সটিটিউটে ও কেন্দ্রীয়ভাবে বরণ, দোয়া মাহফিল ও সাংস্কৃতিক অনুষ্ঠান।



১৯তম জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধন করছেন উপাচার্য

শহিদ মিনার চত্বরে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করা হয়। এদিন সকাল ১১টা ১০মিনিটে প্রশাসনিক ভবনের সামনে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া কর্তৃক জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা ফলক (পুনঃস্থাপন) উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ঘোষণা ফলক (পুনঃস্থাপন) বিষয়ক কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ঘোষণা ফলক (পুনঃস্থাপন) উন্মোচন করছেন উপাচার্য

পরীক্ষা নিয়ন্ত্রক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্ট, প্রক্টর, শিক্ষক, শিক্ষার্থী, উক্ত প্রতিষ্ঠানের জন্য জমিদানকারী জমিদার জগন্নাথ রায় চৌধুরীর বর্তমান বংশধরগণ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে শহিদ সাজিদ ভবনের নিচতলায় চারুকলা অনুষদের উদ্যোগে 'বার্ষিক শিল্পকর্ম ২০২৪' এবং 'বৈষম্যবিরোধী আন্দোলন ২০২৪' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

## জবিতে মহাসমারোহে বাংলা বর্ষবরণ



বর্ষবরণ উপলক্ষ্যে আয়োজিত সংগীতানুষ্ঠানে মনোমুগ্ধকর গান পরিবেশন করছেন সংগীত বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা

মঙ্গল শোভাযাত্রা ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সাড়ম্বরে পালিত হয় বাংলা নববর্ষ-১৪৩১।

## বিপ্লবোত্তর ছাত্র ঐক্য-শীর্ষক আলোচনা সভা

জুলাই বিপ্লবের চেতনাকে সমুন্নত রেখে জাতীয় ঐক্যকে শক্তিশালী করার লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক জোটের আয়োজনে ৪ ডিসেম্বর, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে দেশের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের অংশগ্রহণে 'বিপ্লবোত্তর ছাত্র ঐক্য' শীর্ষক সভা অনুষ্ঠিত হয়।



জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে 'বিপ্লবোত্তর ছাত্র ঐক্য' শীর্ষক আলোচনা সভার উদ্বোধনী মুহূর্ত

উদ্বোধনী বক্তব্যে অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি বলেন, 'স্বৈরাচারের পতন-পরবর্তী আমাদের একমাত্র প্রত্যাশা হচ্ছে, ছাত্রনেতৃবৃন্দ দৃঢ় ঐক্যবদ্ধ হয়ে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করবে। আমরা বৈষম্যবিরোধী উন্নত গণতান্ত্রিক সমাজ গড়ে তুলতে চাই।'

বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন বলেন, 'ফ্যাসিস্ট সরকারের সময়কালে আমরা ক্রিমিনাল ইকোনোমির বয়ান শুনতাম, যা আমাদের দেশকে ধ্বংস করে দিয়েছিল। ছাত্রসমাজের কাছে আমরা কৃতজ্ঞ আমাদেরকে মুক্তি দেওয়ার জন্য।'

কলা অনুষদের সাবেক ডিন ও ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রইছ উদ্দীন তাঁর বক্তব্যে বলেন, 'জবি সকল ধরনের আন্দোলনের রসদ যোগায় কিন্তু জবি'র ত্যাগ কেউ স্মরণ করে না। কাঙ্ক্ষিত স্বপ্নের বাংলাদেশ গড়ার জন্য কোনো ধরনের বৈষম্য করবো না।'

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্র- দলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ, বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের সভাপতি বিন ইয়ামিন মোল্লা, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সেক্রেটারি রাফিকুজ্জামান ফরিদ, জাতীয় ছাত্র সমাজের আহ্বায়ক সাইফুল, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল জবি শাখার সভাপতি আসাদুজ্জামান আসলাম ও সেক্রেটারি সুজন মোল্লা, বাংলাদেশ ইসলামি ছাত্রশিবির জবি শাখার সভাপতি ইকবাল হোসেন শিকদার ও সেক্রেটারি আসাদুল ইসলাম, জবি ছাত্র অধিকার পরিষদের এ কে এম রাব্বি, জাস্টিস ফর জুলাই'র মুখপাত্র মাহি আল মোবাশ্বের ও জবি'র আহ্বায়ক সজিবুর রহমান, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জবির আহ্বায়ক ইভান তাহসিব, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়ক নূর নবী, বাংলাদেশ ইসলামিক ছাত্র আন্দোলন জবির সেক্রেটারি আশিকুর রহমান প্রমুখ।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসন সংকট নিরসনে আস-সুন্নাহ ফাউন্ডেশনের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের আবাসন সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও দেশের অন্যতম গ্রহণযোগ্য ফিলানথ্রপিক প্রতিষ্ঠান আস-সুন্নাহ ফাউন্ডেশনের মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) ১০ ডিসেম্বর, ২০২৪ স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা নিরাপদ, পরিচ্ছন্ন এবং মানসম্মত আবাসনের সুযোগ পাবে।

বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন এবং আস-সুন্নাহ ফাউন্ডেশনের পক্ষে জেনারেল সেক্রেটারি মোঃ সাব্বির আহম্মদ এই স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি, আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ।

শায়খ আহমাদুল্লাহ বলেন, 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের আবাসন সমস্যা সমাধানে আমরা আনন্দিত। এখানে ধর্ম-বর্ণ, নারী-পুরুষ নির্বিশেষে মেধার ভিত্তিতে আবাসনের সুযোগ দেওয়া হবে। শুধু মুসলিম শিক্ষার্থী নয়, ভিন্ন ধর্মের শিক্ষার্থীরাও তাদের নিজ নিজ ধর্ম পালনের সুযোগ পাবে।'

উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি বলেন, 'গত ১২ নভেম্বর, ২০২৪ শিক্ষা মন্ত্রণালয়ের মিটিঙের সিদ্ধান্ত অনুসারে আমরা আবাসন সংকট সমাধানে দেশি-বিদেশি প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ করছি। আস- সুন্নাহ ফাউন্ডেশনের মতো প্রতিষ্ঠানের সাথে এই চুক্তি একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। আমরা ইউজিসিতে প্রকল্প প্রস্তাবনা জমা দিয়েছি, অনুমোদিত হলে অস্থায়ী হল নির্মাণ শুরু হবে।'

সমঝোতা স্মারকের আওতায় উভয়পক্ষের প্রতিনিধিদের নিয়ে পাঁচ সদস্যের একটি পরামর্শক বোর্ড গঠন করা হবে। এই বোর্ড প্রকল্প পরিচালনা এবং সমস্যার সমাধান করবে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং আস-সুন্নাহ ফাউন্ডেশন-এর মাঝে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## বিশেষ সংবাদ

## বন্যার্তদের সাহায্যার্থে প্রধান উপদেষ্টার তহবিলে ১৬ লক্ষ টাকা প্রদান

চট্টগ্রাম ও সিলেট বিভাগের বন্যা দুর্গত এলাকার জনগণকে সহযোগিতার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের ১ (এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ ১৬ লক্ষ টাকা (প্রায়) প্রধান উপদেষ্টার ত্রাণ ও কল্যাণ তহবিল-এর অনুকূলে প্রদান করা হয়েছে।

## জবিতে বন্যার্তদের জন্য অর্থ সংগ্রহে কনসার্ট

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বন্যার্তদের জন্য অর্থ সংগ্রহে গত ২৮ আগস্ট, ২০২৪ কনসার্টের আয়োজন করেছে জবি ব্যান্ড মিউজিক অ্যাসোসিয়েশন। টিকিট বিক্রি করে ৫ লাখ টাকার অধিক অর্থ সংগ্রহ করা হয়েছে।

## উপাচার্যের সাথে বিভাগীয় ও ব্যাচ প্রতিনিধিদের মতবিনিময় সভা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সভাপতিত্বে গত ২৫ সেপ্টেম্বর ২০২৪ কেন্দ্রীয় মিলনায়তনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংস্কার আন্দোলনের নির্বাচিত বিভাগীয় ও ব্যাচ প্রতিনিধিবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট (বর্তমানে ট্রেজারার) অধ্যাপক ড. সাবিনা শরমীন, প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক এবং পরিচালক (ছাত্রকল্যাণ) ড. কে. এ. এম. রিফাত হাসানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রকল্প সম্পর্কিত আলোচনা সভা

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে গত ১৪ নভেম্বর ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রেজারার এবং শিক্ষার্থী সংশ্লিষ্ট কমিটির সদস্যদের সঙ্গে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফায়েজ এবং সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ তানজীম উদ্দিন খান ও অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বৈঠক অনুষ্ঠিত হয়।

এসব বৈঠকে ১২ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস প্রকল্পের চলমান কার্যক্রম সম্পর্কে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও বিশ্ববিদ্যায়ের অন্যান্য বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়।



ইউজিসি চেয়ারম্যান-এর সাথে উপাচার্যের নেতৃত্বে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দল

## একাডেমিক সংবাদ

## প্রথমবারের মতো টাইমস হায়ার এডুকেশন বিশ্ববিদ্যালয় র‌্যাঙ্কিং-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের (টিএইচই) ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‌্যাঙ্কিং-২০২৫ তালিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ বাংলাদেশের ২৪টি বিশ্ববিদ্যালয়ের নাম স্থান পেয়েছে। টাইমস হায়ার এডুকেশন বিশ্ববিদ্যালয় র‌্যাঙ্কিং-এ ১,৯০৭টি বিশ্ববিদ্যালয় অন্তর্ভুক্ত হয়েছে যা ১০৮টি দেশ এবং অঞ্চলে বিস্তৃত। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৫০১।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষায় ১০.৪, গবেষণা পরিবেশে ৮.৪, গবেষণা মানে ৪২.৬, শিল্পে ১৯.৯, আন্তর্জাতিক দৃষ্টিভঙ্গিতে ৪৬.৬ স্কোর অর্জন করে।

## গুচ্ছ থেকে বেরিয়ে নিজস্ব ব্যবস্থাপনায় স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি প্রক্রিয়া শুরু

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এর সভাপতিত্বে গত ২১ অক্টোবর, ২০২৪ অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ৭০তম সভায় (বিশেষ সভা) বিস্তারিত আলোচনা শেষে অত্র বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ থেকে বেরিয়ে নিজস্ব ব্যবস্থাপনায় ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়।

## চীনের বাণিজ্যিক স্যাটেলাইটের তথ্য ব্যবহারের সুযোগ পাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়

চায়না ন্যাশনাল স্পেস অ্যাডমিনিস্ট্রেশনের (সিএনএসএ) সাথে সমঝোতা স্মারকের ভিত্তিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় চাইনিজ কমার্শিয়াল স্যাটেলাইট GAOFEN-3 এর ডাটা বা তথ্য ব্যবহারের সুযোগ পেতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়।



উপাচার্য-কে চীনের প্রতিনিধি দল ইন্টারন্যাশনাল ডোঁ নোড সার্ভার স্থাপন সংক্রান্ত স্মারক ক্রেস্ট প্রদান করছেন

## জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস এর মোড়ক উন্মোচন

গত ১০ নভেম্বর, ২০২৪ জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস (ভলিয়ম: ১৪, নাম্বার: ১) এর মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

এসময় জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস এর প্রধান সম্পাদক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগমসহ সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## সামাজিক বিজ্ঞান অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন

গত ১১ ডিসেম্বর, ২০২৪ সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সোশাল সায়েন্সেস (ভলিয়ম : ১২, নাম্বার : ১ ও ২) এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

## চীনে উচ্চশিক্ষা বিষয়ক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের উদ্যোগে ঢাকাস্থ চীনা দূতাবাস ও এসোসিয়েশন অব বাংলাদেশ চায়না এলামনাই (এবকা) এর যৌথ আয়োজনে ২১ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'চীনে উচ্চশিক্ষা' বিষয়ক সেমিনার আয়োজিত হয়।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন উপাচার্য

## বোর্ড অব অ্যাডভান্সড স্টাডিজ অ্যান্ড রিসার্চ এর ১৩তম সভা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সভাপতিত্বে 'বোর্ড অব অ্যাডভান্সড স্টাডিজ অ্যান্ড রিসার্চ'-এর ১৩তম সভা গত ৪ ডিসেম্বর, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

# গবেষণা ও প্রকল্প

## গবেষণা সেল কর্তৃক আয়োজিত ওয়ার্কশপ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গবেষণা সেলের আয়োজনে গত ১৪ মে, ২০২৪ 'Quantitative and Qualitative Research Approaches in Proposal Writing' শীর্ষক ওয়ার্কশপ এবং গত ১৬ ও ২১ মে ২০২৪ দুইদিনব্যাপী 'Research Proposal Writing' শীর্ষক ওয়ার্কশপ উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

## আইকিউএসি-র প্রশিক্ষণ প্রোগ্রাম

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর আয়োজনে গত ১১ ডিসেম্বর, ২০২৪ সিএসই বিভাগের ভার্চুয়াল রুমে 'এপ্লিকেশন অব থিওরি ইন হিউম্যানিটিজ অব সোশ্যাল সায়েন্স রিসার্চ' শীর্ষক ট্রেনিং আয়োজিত হয়। এছাড়াও আইকিউএসি-র আয়োজনে গত ১৭ ও ১৮ ডিসেম্বর ২০২৪ একই ভেন্যুতে 'একাডেমিক রাইটিং' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

# শ্রদ্ধাঞ্জলি/মানববন্ধন/র‍্যালি

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মত্যাগকারী শহিদদের স্মরণে শ্রদ্ধাঞ্জলি

স্বৈরাচারমুক্ত দেশ গড়ার লক্ষ্যে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ সমগ্র বাংলাদেশে আত্মত্যাগকারী সকল শহিদদের স্মরণে গত ১৯ সেপ্টেম্বর, ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মত্যাগকারী শহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ করছেন নবনিযুক্ত উপাচার্য

## শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৪ ডিসেম্বর, ২০২৪ শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের সকলে কালো ব্যাজ ধারণ করেন। শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে জাতির শ্রেষ্ঠ সন্তানদের স্মৃতির প্রতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য-এর নেতৃত্বে মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে এবং শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।




শহিদ বুদ্ধিজীবী দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

অপরদিকে গত ১৬ ডিসেম্বর, ২০২৪ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর নেতৃত্বে সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।



মহান বিজয় দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

# উন্নয়নমূলক সংবাদ

## মূল রাজস্ব বাজেট ২০১ কোটি টাকা গবেষণা ও সেবা সহায়তায় বরাদ্দ বৃদ্ধি

গত ২৭ জুন, ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য ২০১ কোটি টাকার মূল রাজস্ব (পরিচালন ও উন্নয়ন) বাজেট পাস হয়। এর মধ্যে ১৬৩ কোটি ২৪ লক্ষ টাকা ইউজিসির অনুদান, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব খাত থেকে আসবে ৮ কোটি ৩০ লক্ষ টাকা। ঘাটতি থাকবে ৩৭ কোটি ৭৬ লক্ষ টাকা। বাজেটে গবেষণায় মোট বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি ২০ লক্ষ টাকা।

## দ্বিতীয় ক্যাম্পাসের স্থানীয় জনসাধারণের সাথে মতবিনিময় সভা

কেরানীগঞ্জের তেঘরিয়ায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর উপস্থিতিতে গত ১৪ অক্টোবর, ২০২৪ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে স্থানীয় জনসাধারণের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় দ্বিতীয় ক্যাম্পাসের চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কিত মত বিনিময় হয়।

## বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রিপে যুক্ত নতুন দুই বাস

শিক্ষার্থীদের ভোগান্তি ও যানজটের সমস্যা থেকে পরিত্রাণে রাজধানীর কয়েকটি রাস্তায় দুটি শাটল ট্রিপ বাস চালু করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবহন প্রশাসন।

# বিভাগীয় কার্যক্রম/সেমিনার

## আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষ্যে সেমিনার

গত ১ অক্টোবর, ২০২৪ তারিখে ৩৪তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগ এবং সেন্টার ফর সোশ্যাল সায়েন্স রিসার্চ অ্যান্ড ট্রেনিং এর যৌথ আয়োজনে সিএসই বিভাগের ভার্চুয়াল কনফারেন্স রুমে 'দ্রুত পরিবর্তনশীল বাংলাদেশের প্রেক্ষাপটে প্রবীণদের সামাজিক নিরাপত্তা ও সুরক্ষা: প্রাতিষ্ঠানিক পরিচর্যা কি বিকল্প হতে পারে?' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।



আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষ্যে সেমিনারে অতিথি, আলোচক ও অংশগ্রহণকারী শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ

## সাইবার নিরাপত্তা ও সচেতনতা বৃদ্ধিতে সেমিনার

সাইবার নিরাপত্তা ও সচেতনতা বৃদ্ধিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, IEEE Jagannath University Student Branch Ges IEEE Computer Society, Jagannath University Student Branch Chapter Gi যৌথ উদ্যোগে 'Emerging Threat Landscape' শীর্ষক সেমিনার গত ২ অক্টোবর, ২০২৪ বিভাগীয় ভার্চুয়াল কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

## Democracy: From Theory to Practice- শীর্ষক ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধন

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের উদ্যোগে USAID, IFES I MGR এর সহযোগিতায় গত ৭ অক্টোবর, ২০২৪ 'Democracy: From Theory to Practice' শীর্ষক এক্সট্রা কারিকুলার সিভিক এডুকেশন ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।




ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

## বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সংশ্লিষ্ট ছাত্রদের সংবর্ধনা ও আলোচনা সভা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অসীম সাহসিকতা এবং বীরত্বের পরিচয় দেওয়ায় গত ২৭ অক্টোবর ২০২৪ মার্কেটিং বিভাগের কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও আলোচনা সভা বিভাগীয় কক্ষে আয়োজিত হয়।

## সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন: পেভিং বাংলাদেশ'স ফিউচার ইন এ কম্পেটিটিভ ওয়ার্ল্ড–শীর্ষক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইন্টারডিসিপ্লিনারি রিসার্স অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (আইআরডিসি)-এর আয়োজনে ১৮ ডিসেম্বর, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন: পেভিং বাংলাদেশ'স ফিউচার ইন এ কম্পেটিটিভ ওয়ার্ল্ড' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।




সেমিনারে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখছেন ড. মির্জা গালিব

## U.S. Embassy: Exchange Opportunities শীর্ষক অধিবেশন

অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের আয়োজনে সিএসই বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে গত ১৩ নভেম্বর, ২০২৪ শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে 'U.S. Embassy: Exchange Opportunities' শীর্ষক গুরুত্বপূর্ণ অধিবেশন অনুষ্ঠিত হয়।

## বিভিন্ন বিভাগের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান

- ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের ১৫তম ব্যাচের শিক্ষার্থীদের বিবিএ সমাপনী-২০২৪ গত ৭ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- ইংরেজি বিভাগের উদ্যোগে শিক্ষার্থীদের ১৫তম ব্যাচের স্নাতক সমাপনী এবং ১৯তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান গত ২০ নভেম্বর, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে আয়োজিত হয়।
- দর্শন বিভাগের আয়োজনে 'বিশ্ব দর্শন দিবস ২০২৪' উপলক্ষ্যে আলোচনা সভা এবং শিক্ষার্থীদের ১৪তম ব্যাচের বিদায় ও ১৯তম ব্যাচের নবীনবরণ ২৪ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- ইতিহাস বিভাগের আয়োজনে শিক্ষার্থীদের ১৪তম ব্যাচের বিদায় ও ১৯তম ব্যাচের নবীনবরণ ২৫ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- আধুনিক ভাষা ইনস্টিটিউটের আয়োজনে শিক্ষার্থীদের ১৪তম ব্যাচের বিদায় ও ১৯তম ব্যাচের নবীনবরণ গত ২৭ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- রসায়ন বিভাগের আয়োজনে ১৩তম ব্যাচের বিদায়, ১৯তম ব্যাচের নবীনবরণ এবং কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা গত ১০ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

## সিন্ডিকেট সদস্য/ডিন/রেজিস্ট্রার নিয়োগ

### সিন্ডিকেট সদস্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১৭(১)(ঘ) ও ১৭(২) ধারা অনুযায়ী সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন এর চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুল মজিদ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন-কে ১৫ ডিসেম্বর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হয়েছে।

### ডিন

- বিজ্ঞান অনুষদভুক্ত পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. পরিমল বালা-কে ১৬ জুন, ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য উক্ত অনুষদের ডিন হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- সামাজিক বিজ্ঞান অনুষদের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সানজিদা ফারহানা-কে ১২ জুলাই, ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য উক্ত অনুষদের ডিন হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কাজের স্বার্থে পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন-কে ১৯ সেপ্টেম্বর, ২০২৪ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

### চেয়ারম্যান

- আইন বিভাগের অধ্যাপক ড. এস. এম. মাসুম বিল্লাহ-কে ১ এপ্রিল, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. সুমাইয়া ফারাহ খান-কে ১৮ এপ্রিল, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের অধ্যাপক ড. শামসুন নাহার-কে ১৫ জুন, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন-কে ১৫ আগস্ট, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- বাংলা বিভাগের অধ্যাপক ড. মোজাহারুল আলম সেলিম-কে ২ অক্টোবর, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. ইমরানুল হক-কে ৮ অক্টোবর, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ফারহানা জামান-কে ২৮ অক্টোবর, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শাহ মোঃ নিসতার জাহান কবীর-কে ৬ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মাহমুদা খানম-কে ১০ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## নতুন দপ্তর প্রধান/দায়িত্বপ্রাপ্ত

### প্রভোস্ট

- পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আঞ্জুমান আরা-কে ১০ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য বঙ্গমাতা

শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● আইন বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মদ আসাদুজ্জামান সাদী-কে ১২ নভেম্বর ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য 'ছাত্র হল ১'-এর প্রভোস্ট হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## হাউজ টিউটর

ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক ড. রাজিয়া সুলতানা ও সংগীত বিভাগের সহকারী অধ্যাপক নুসরাত জাহান প্রভা-কে ৬ মে ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর হাউজ টিউটর হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## প্রক্টর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক-কে ১৯ সেপ্টেম্বর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

## সহকারী প্রক্টরবৃন্দ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের ড. মুহাম্মদ ছালেহ উদ্দিন, মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মাহাদি হাসান জুয়েল, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ আলী এবং সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ফেরদাউস হোসেন-কে ২৫ সেপ্টেম্বর ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য সহকারী প্রক্টর হিসেবে নিযুক্ত করা হয়েছে।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নঈম আকতার সিদ্দিক, ভাস্কর্য বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ জাহিদুল হক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মোঃ শফিকুল ইসলাম, রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আমিনুল হক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক মোঃ শাহনেওয়াজ খান চন্দন এবং ভূমি ব্যবস্থাপনা ও আইন বিভাগের সহকারী অধ্যাপক আয়েশা সালেহ-কে ১৭ অক্টোবর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য উক্ত সহকারী প্রক্টর হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## পরিচালক

● ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. কে. এ. এম. রিফাত হাসান-কে ১৯ সেপ্টেম্বর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক (ছাত্রকল্যাণ) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক-কে সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে ২৯ সেপ্টেম্বর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য প্রশাসক (পরিবহণ পুল) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মদ আনওয়ারুস সালাম-কে ১৭ অক্টোবর ২০২৪ হতে পরবর্তী দুই বছরের জন্য জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. ইমরানুল হক-কে ১২ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য পরিচালক (গবেষণা) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নাসির উদ্দিন-কে ১২ নভেম্বর হতে পরবর্তী ২ বছরের জন্য পরিচালক (আইসিটি সেল) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারং বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু লায়েক-কে ১২ নভেম্বর হতে পরবর্তী ২ বছরের জন্য পরিচালক (আইকিউএসি) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ মেজবাহ-উল-আজম সওদাগর-কে ১২ নভেম্বর হতে পরবর্তী ২ বছরের জন্য অতিরিক্ত পরিচালক (আইকিউএসি) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাছির আহমাদ-কে ১২ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য পরিচালক (বহিরাঙ্গণ) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

● মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম-কে ২৫ নভেম্বর, ২০২৪ হতে পরবর্তী ২ বছরের জন্য পরিচালক (অর্থ ও হিসাব) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## পরীক্ষা নিয়ন্ত্রক

সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোস্তফা হাসান-কে ১৯ অক্টোবর ২০২৪ হতে পরবর্তী নির্দেশন না দেয়া পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) হিসেবে নিযুক্ত করা হয়েছে।

# শিক্ষার্থীদের সাফল্য/অর্জন

● সম্প্রতি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের দু'জন শিক্ষার্থী (২০১৫-১৬ শিক্ষাবর্ষের) জাকির হোসেন অভি এবং (২০১৬-১৭ শিক্ষাবর্ষের) আমির হোসেন ইরাসমাস মুন্ডাস জয়েন্ট মাস্টার্স স্কলারশিপের অন্তর্ভুক্ত Master in Large Scale Accelerators and Lasers (LASCALA) প্রোগ্রামে পড়ার সুযোগ পেয়েছেন।

● আইটেসেরেক্ট (iTesseract) এর আয়োজনে এবং শিক্ষা মন্ত্রনালয়ের সহযোগিতায় জাতীয় স্টিম অলিম্পিয়াডের (National STEAM Olympiad) গ্র্যান্ড ফিনালে ৬ই জুলাই ঢাকার শাহবাগ জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত হয়। উক্ত অলিম্পিয়াডে অংশ নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৮-১৯ সেশনের দুইজন শিক্ষার্থী মোঃ আবু ইউসুফ সিয়াম এবং মোঃ রাশেদুল আলম যথাক্রমে কুইজ সেগমেন্ট এবং প্রজেক্ট প্রদর্শনী সেগমেন্টে বিজয়ী হয়।

● যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা নাসা আয়োজিত 'নাসা স্পেস অ্যাপস ২০২৪' প্রতিযোগিতায় ঢাকা বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ৫ অক্টোবর ২০২৪ রাজধানীর আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশে (এআইইউবি) এবং অনলাইনে একসঙ্গে শুরু হওয়া নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ হ্যাকাথন প্রতিযোগিতার বাংলাদেশ পর্বের ফল ঘোষণা করা হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের 'টিম কোয়ান্টাম ভয়েজার' স্যাটেলাইট ট্র্যাক করার জন্য একটি অ্যাপ তৈরি করে। এটি ব্যবহারকারীকে নোটিশ পাঠাবে যখন স্যাটেলাইট তাদের জমির ওপরে দিয়ে চলে যায়। ব্যবহারকারী সহজেই সেই স্যাটেলাইটের (ল্যান্ডস্যাট) ডেটা ডাউনলোড করতে এবং বিশ্লেষণ করতে পারবে।

● প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থীবৃন্দ সম্প্রতি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'প্রজাপতি মেলা ২০২৪'-এ অংশগ্রহণ করে। উক্ত প্রতিযোগিতায় নেচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাবের মোঃ সাব্বির আহমেদ 'Butterfly Young Enthusiast' অ্যাওয়ার্ড অর্জন করেন। এছাড়াও 'প্রজাপতি চেনা' প্রতিযোগীতায় ১৫তম ব্যাচের মোঃ হামিদুর রহমান ও ব্যয় বিশ্বাস প্রথম স্থান এবং বারোয়ারী বির্তক প্রতিযোগিতায় ১৯তম ব্যাচের ফারিহা অনিকা প্রমি দ্বিতীয় স্থান অর্জন করেছে।

# ডিগ্রি অর্জন

## পিএইচডি

● উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ আতাউল গনি সম্প্রতি নেদারল্যান্ডের Wageningen University & Research and IHE Delft Institute for Water Education থেকে 'Nitrogen Retention in Different Geomorphic Units of a Large Lowland River' শীর্ষক পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

● রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আল মামুন মালয়েশিয়ার ইউনিভার্সিটি অব মালায়া থেকে 'Optimization of Carbon Natomaterials Based Electrochemical DNA-Aptasensors for Point-of-care Diagnosis' শীর্ষক পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

● কলা অনুষদের অন্তর্গত ইংরেজি বিভাগের অধীনে মো. শামীম মণ্ডল-কে তাঁর রচিত 'Space for hte Marginalized and the Oppressed in the Works of Hasan Azizul Haq and Arundhati Roy: A Comparative Study' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫ তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● কলা অনুষদের অন্তর্গত চারুকলা বিভাগের অধীনে মোহাম্মদ রেজাউল সাদাত-কে তাঁর রচিত বাংলার কাঠ-খোদাই ছাপচিত্র: পাশ্চাত্য শিল্পের প্রভাব ও আধুনিক ধারার বিকাশ (Woodcut Printmaking in Bengal: Influence of Western Art and Development of Modernity)' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫ তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্গত অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধীনে মো. আব্দুল মান্নান-কে তাঁর রচিত 'Public Sector Accounting in Bangladesh: Practices and Issues' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● বিজনেস স্টাডিজ অনুষদের অন্তর্গত ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে মো. জাহাঙ্গীর আলম-কে তাঁর রচিত 'Challenges of Women's Teaching Career in Bangladesh: A Study on Some Selected Public Univerties' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত বিভাগের অধীনে রতন কুমার চন্দ্র-কে তাঁর রচিত 'Non-isothermal Fluid Flow with Convective Heal Transfer though a Rotating Curved Rectangular Duct with Hall and Ion Slip Currents' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের অন্তর্গত মনোবিজ্ঞান বিভাগের অধীনে মোহাম্মদ আফজাল হোসেন-কে তাঁর রচিত 'Effect of Hospital Based Psycho-educaiton on Mental Health among Caregives of Patients with Chronic Kidney Disease' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪ অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

## এম. ফিল

● জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অন্তর্গত বাংলা বিভাগের অধীনে মোহাম্মদ আনোয়ার হোসেন-কে তাঁর রচিত সৈয়দ ওয়ালীউল্লাহ্র ছোটগল্পে জীবন সন্ধান, সমাজ সচেতনতা ও মনস্তত্ত্ব (The Search for Life, Mass Awareness and Psychology in Short Story of Syed Waliullah) শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল ২০২৪

অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

● বিজ্ঞান অনুষদের অন্তর্গত গণিত বিভাগের অধীনে মো. আশরাফুল ইসলাম-কে তাঁর রচিত 'Dynamical Behavior of One Dimensional Parameterized Family of Functions and Theif Bifurcations' শীর্ষক অভিসন্দর্ভের জন্য; মো. ময়নুল ইসলাম-কে তাঁর রচিত 'Numerical Techniques for including the Spin-orbit Coupling in Electronic Structure Calculation of Random Binary Alloys' শীর্ষক অভিসন্দর্ভের জন্য এবং সানজিদা হক-কে তাঁর রচিত 'Analysis of Some Stochastic Inventory Models Considering Wastage of Materials' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল (২০২৪) অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

● সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্গত নৃবিজ্ঞান বিভাগের অধীনে মোসা: মাহবুবা নাজনিন-কে তাঁর রচিত 'Malnutrition among the Aging People in Rural Bangladesh: An Anthropological Study' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল (২০২৪) অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

● লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের অন্তর্গত অনুজীব বিজ্ঞান (মাইক্রোবায়োলজি) বিভাগের অধীনে মো. হাবিবুর রহমান-কে তাঁর রচিত 'Extended-Spectrum of Beta Lact-amase and AmpC Production in Uropathogenic Isolates of E. Coli & Klebsiella pneumoniae' শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৩ এপ্রিল (২০২৪) অনুষ্ঠিত ৯৫তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

## ক্রীড়া সংবাদ

### ৭ম আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া উপ-কমিটির (ফুটবল ও হকি) আয়োজনে এবং শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের সহযোগিতায় ২ ডিসেম্বর, ২০২৪ কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপখোলা) ৭ম আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় ফিন্যান্স বিভাগ টাইব্রেকারে ৪-৩ গোলে ইংরেজি বিভাগকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



বিজীয়দের মাঝে পুরস্কার তুলে দিচ্ছেন উপাচার্য ও ট্রেজারার

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটি গঠিত

গত ৬ অক্টোবর ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্তঃবিভাগ ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ, জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণসহ বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াঙ্গনকে শক্তিশালী করার লক্ষ্যে ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন-কে আহ্বায়ক করে ২৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

### ৬ষ্ঠ ইনডোর গেমস প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

জগন্নাথ বিশ্ববিদ্যালযের ক্রীড়া উপ-কমিটি (ইনডোর গেমস) আয়োজনে এবং শরীরচর্চা শিক্ষাকেন্দ্রের সহযোগিতায় গত ৭ অক্টোবর, ২০২৪ '৬ষ্ঠ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০২৪' এর পুরস্কার বিতরণী আয়োজিত হয়।

## সাংগঠনিক কার্যক্রম

### বিতর্ক প্রতিযোগিতায় ছাত্রী হলের সাফল্য

২৫তম জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা ২০২৪ এর ১ম রাউন্ডে ১৯ এপ্রিল ২০২৪ সরকারি বাংলা কলেজের বিপক্ষে ৩-০ ব্যালটে নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের 'বঙ্গমাতা তার্কিক পরিষদ' দল।

### বাজেট ছায়া সংসদ বিতর্কে চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয়

'ডিবেট ফর ডেমোক্রেসি' এর আয়োজনে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট নিয়ে ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি। ৫ জুলাই ২০২৪ এ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিতর্কের বিষয়বস্তু ছিল- 'এবারের বাজেট টেকসই উন্নয়নে সহায়ক হবে'।

### আন্তঃবিশ্ববিদ্যালয় দুর্নীতিবিরোধী বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয়

তারুণ্যের যুক্তিনির্ভর নেতৃত্বে দুর্নীতিবিরোধী রাষ্ট্রব্যবস্থা ও বৈষম্যহীন 'নতুন বাংলাদেশ' প্রতিষ্ঠার প্রত্যয় নিয়ে আয়োজিত ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআই-বির) বিতর্ক প্রতিযোগিতা-২০২৪ এর ফাইনাল ১৪ সেপ্টেম্বর সাভারের সিসিডিবি হো সেন্টারে অনুষ্ঠিত হয়। ফাইনাল প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটিকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি।

### 'কবিতায় রক্তাক্ত জুলাই' শিরোনামে আবৃত্তি ও কবিতা পাঠের আসর

জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের উদ্যোগে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন ও ছাত্রজনতার বিপ্লবী গণঅভ্যুত্থানে জীবনোৎসর্গকারী শহিদদের স্মরণে ১২ সেপ্টেম্বর, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে 'কবিতায় রক্তাক্ত জুলাই' শিরোনামে আবৃত্তি ও কবিতা পাঠ আয়োজিত হয়।

### গণবিপ্লবের সফলতা ও নয়া আজাদী উদ্‌যাপনে কাওয়ালি উৎসব

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্যোগে জুলাই গণ-বিপ্লবের সফলতা ও নয়া আজাদি উদ্‌যাপনে ১২ সেপ্টেম্বর ২০২৪ বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে কাওয়ালি উৎসবের আয়োজন করা হয়। কাওয়ালি উৎসবের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করা হয়। কাওয়ালি পরিবেশনায় অংশগ্রহণ করেন নিয়ন্ত্রণ সাংস্কৃতিক সংসদ, সওয়ারী, সিলসিলা এবং উস্তাদ নাদিম কাওয়াল।




কাওয়ালি উৎসেরব বিশেষ মুহূর্ত

### ৬ষ্ঠ এইউএসটিডিসি আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি দল চ্যাম্পিয়ন

আহসানুল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি ডিবেটিং ক্লাব (এইউএসটিডিসি) আয়োজিত ৬ষ্ঠ জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি দলকে পরাজিত করে বিজয়ী হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিতর্ক দল। গত ২১ সেপ্টেম্বর ২০২৪ দিনব্যাপী প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ সারাদেশের ৩২টি বিশ্ববিদ্যালয়ের বিতর্ক দল অংশগ্রহণ করে।

### যাক-তাহবিল, জবিপ-এর নতুন কমিটি গঠন

যাকাত ও কল্যাণ তাহবিল জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার (যাক-তাহবিল, জবিপ) এর নতুন কমিটি ১৩ নভেম্বর ২০২৪ গঠিত হয়। সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোস্তফা হাসান-কে সভাপতি এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ লোকমান হোসেন-কে সাধারণ সম্পাদক করে এগার সদস্য কমিটি গঠন করা হয়েছে। উল্লেখ্য, যাক-তাহবিল, জবিপ এর উদ্যোগে প্রতি বছরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যায়ন মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সহায়তা বৃত্তি প্রদান করা হয়ে থাকে।

### রোভার-ইন-কাউন্সিলের দায়িত্ব হস্তান্তর ও সনদ প্রদান অনুষ্ঠান

প্রার্থনা সংগীত পরিবেশনার মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের রোভার ইন কাউন্সিল ২০২৩-২০২৪ কর্তৃক ২০২৪-২০২৫ কাউন্সিলকে দায়িত্ব হস্তান্তর ও সদস্যদের মাঝে বার্ষিক সনদ বিতরণ ১৪ নভেম্বর ২০২৪ উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।



উপাচার্য ও ট্রেজারার এর সাথে রোভার-ইন-কাউন্সিলের সদস্যগণ

## আন্তঃবিশ্ববিদ্যালয় বির্তক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রানার আপ

১৬ নভেম্বর ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) শহিদ আহসানউল্লাহ মাস্টার অডিটোরিয়ামে ডুয়েট ডিবেটিং সোসাইটি কর্তৃক আয়োজিত 'বিপ্লবী বাংলা ২.০ আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৪' এর চূড়ান্ত পর্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাথে মুখোমুখী হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়। এতে ৩-২ ব্যালটে রানার আপ হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

## বিএনসিসি ক্যাডেটদের পদোন্নতি, দায়িত্ব হস্তান্তর, পুরস্কার বিতরণী ও বিদায় অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) ক্যাডেটদের পদোন্নতি, দায়িত্ব হস্তান্তর, পুরস্কার বিতরণী ও বিদায় ২৫ নভেম্বর, ২০২৪ আয়োজিত হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সাড়ম্বরে মহালয়া অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চণ্ডীপাঠ, আগমনী গান, মহিষাসুরমর্দিনী ও প্রসাদ বিতরণের মাধ্যমে দেবী দূর্গাকে মর্ত্যে আসার আমন্ত্রণ জানিয়ে ২ অক্টোবর, ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শহিদ সাজিদ ভবনের নিচতলায় মহালয়া অনুষ্ঠান পালন করেন সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীরা।

## পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স.) উদ্‌যাপন ২০২৪

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স.) উদ্‌যাপন ২০২৪ উপলক্ষ্যে ৯ অক্টোবর, ২০২৪ ইসলামিক স্টাডিজ বিভাগের আয়োজনে প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও আলোচনা কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোস্তফা হাসান এবং প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স.) উদ্‌যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল্লাহ এবং সঞ্চালনায় ছিলেন সহকারী অধ্যাপক মুহাম্মদ কামরুল ইসলাম।

## জবিতে সিরাত সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত

২৪ অক্টোবর ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দের আয়োজনে বিজ্ঞান ভবন সংলগ্ন মাঠে সিরাত সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়।



প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন শায়খ আহমাদুল্লাহ

ইসলামিক স্টাডিজ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন এর সভাপতিত্বে সিরাত সম্মেলনে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন আস-সুন্নাহ ফাউন্ডেশনের আহ্বায়ক শায়খ আহমাদুল্লাহ। সিরাত সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন এবং প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক।

## ইরানি চলচ্চিত্র উৎসবের উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগ এবং ফিল্ম ক্লাবের যৌথ আয়োজনে এবং ঢাকাস্থ ইরানের দূতাবাসের কালচারাল সেন্টারের সহযোগিতায় তিন দিনব্যাপী (৩-৫ ডিসেম্বর, ২০২৪) ইরানি চলচ্চিত্র উৎসবের উদ্বোধন




উদ্বোধনী অনুষ্ঠানে মঞ্চে রয়েছেন ইরানি রাষ্ট্রদূত, উপাচার্যসহ অন্যান্য অতিথিবৃন্দ

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে তিন দিনব্যাপী এই উৎসবে প্রথম দিনে *বডিগার্ড*, দ্বিতীয় দিনে *কালার অব প্যারাডাইজ* ও *দ্য সারভাইভার*, এবং সমাপনী দিনে *দ্য সং অব স্প্যারো*, *টেস্ট অব চেরি*, ও *চিলড্রেন অব হ্যাভেন* প্রদর্শিত হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নতুন নেতৃত্ব

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ২০২৫-এ ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন সভাপতি এবং ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ রইছ উদ্‌দীন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।

সকল পদে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় ১২ ডিসেম্বর, ২০২৪ উক্ত নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার ও প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোঃ আবদুল আলীম শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৫-এর ফলাফল ঘোষণা করেন।

সহ-সভাপতি পদে অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ



উপাচার্যের সাথে ফুলের শুভেচ্ছা বিনিময় করছেন নবনির্বাচিত শিক্ষক সমিতি

আজম খাঁন, কোষাধ্যক্ষ পদে মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. ইমরানুল হক এবং যুগ্ম সাধারণ সম্পাদক পদে ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন নির্বাচিত হয়েছেন।

এছাড়াও সদস্য পদে ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নাসির উদ্দিন, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল্লাহ, ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোঃ ওমর ফারুক, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু লায়েক, সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক মোস্তাফিজ আহমেদ, ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাছির আহমাদ এবং ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক তারেক বিন আতিক নির্বাচিত হয়েছেন।

## উপাচার্য ও ট্রেজারার-এর সাথে সাংবাদিক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সৌজন্য সাক্ষাৎ

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে ১৫ ডিসেম্বর সাংবাদিক সমিতির নব-নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সভাপতি ইমরান হোসাইন এবং সাধারণ সম্পাদক মাহাতাব হোসেন লিমনসহ অন্যান্য নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেন।

উপাচার্য ও ট্রেজারার এর সাথে ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন নবনির্বাচিত সাংবাদিক সমিতির সদস্যগণ। উপাচার্য নবনির্বাচিত কমিটিকে আন্তরিক অভিনন্দন জানান এবং সাংবাদিকতার আদর্শ ও নৈতিকতা বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের ইতিবাচক ভাবমূর্তি তুলে ধরার আহ্বান জানান। সাক্ষাৎকালে উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়ন, শিক্ষা ও গবেষণার অগ্রগতি এবং প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধিতে সাংবাদিকদের ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন।



উপাচার্য ও ট্রেজারার এর সাথে ফুলেল শুভেচ্ছা বিনিময় করছেন নবনির্বাচিত সাংবাদিক সমিতির সদস্যগণ

সাংবাদিক সমিতির নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদের সহ-সভাপতি পদে আসাদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে সাজেদুর রহমান, সাংগঠনিক সম্পাদক পদে মো. জুনায়েত শেখ, অর্থ সম্পাদক পদে মো. নূর আলম, দপ্তর প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে সাকেরুল ইসলাম এবং সদস্য পদে আব্দুল্লাহ আল মামুন ও মোশফিকুর রহমান ইমন উপস্থিত ছিলেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক এবং পরিচালক (পিআরআইপি) সহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাবেক নেতৃবৃন্দসহ অন্যান্য বিশিষ্টজন উপস্থিত ছিলেন।

## সংক্ষিপ্ত সংবাদ

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ শিক্ষার্থীর বোনকে চাকরি প্রদান

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদ শিক্ষার্থী ইকরামুল হক সাজিদের বোন ফারজানা হক-কে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'জুনিয়র প্রোগ্রামার' পদে নিয়োগ প্রদান করেছে।

### উপাচার্যের সাথে যুক্তরাষ্ট্রের চেম্বার অব কমার্স প্রতিনিধির সাক্ষাৎ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এর সাথে ১৪ নভেম্বর, ২০২৪ তাঁর কার্যালয়ে যুক্তরাষ্ট্রের US Green Chamber of Commerce- এর সিইও মিশেল থ্যাচার সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় উপাচার্য মহোদয় US Green Chamber of Commerce-এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। এ সময় ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের এবং অধ্যাপক ড. মো. মনিরুজ্জামানসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

### উপাচার্যের সাথে ঢাকাস্থ চীনা দূতাবাসের কর্মকর্তার সাক্ষাৎ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে ২১ নভেম্বর ২০২৪ তাঁর কার্যালয়ে ঢাকাস্থ চীনা দূতাবাসের কালচারাল অ্যান্ড এডুকেশনাল কাউন্সিলর লি সাউপিং সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোঃ মেজবাহ-উল-আজম সওদাগর, প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক এবং পরিচালক (বহিরাঙ্গণ কার্যক্রম) ড. নাছির আহমাদসহ অন্যান্য শিক্ষক ও অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।



উপাচার্য-এর সঙ্গে ঢাকাস্থ চীনা দূতাবাসের কালচারাল অ্যান্ড এডুকেশনাল কাউন্সিলর লি সাউপিং-এর সৌজন্য সাক্ষাৎ

### উপাচার্যের সাথে আইএফইএস'র কান্ট্রি ডিরেক্টর-এর সাক্ষাৎ

আইএফইএস'র কান্ট্রি ডিরেক্টর ড. টানিয়েল টাইসি ২৮ নভেম্বর ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় আইএফইএস এর কান্ট্রি ডিরেক্টর-কে বিশ্ববিদ্যালয়ের পক্ষে হতে উপহার প্রদান করেন উপাচার্য ও ট্রেজারার।

## শোক সংবাদ

● ২৬ মে, ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড. শিল্পী খানম চিকিৎধীন অবস্থায় একটি বেসরকারি হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইলাইহি রাজিউন)। তিনি দুরারোগ্য ক্যান্সার ব্যাধিতে আক্রান্ত ছিলেন। তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে ৩০ মে, ২০২৪ বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে কেন্দ্রীয় মিলনায়তনে দোয়া মাহফিল আয়োজিত হয়। এছাড়াও ৩ জুন, ২০২৪ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে শোকসভা ও দোয়া মাহফিল আয়োজিত হয়।

● জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের (১৮তম ব্যাচ) মেধাবী শিক্ষার্থী আহসান হাবিব তামিম ১৯ জুলাই ২০২৪ ঢাকার মিরপুর ১০ সংলগ্ন এলাকায় সংঘর্ষ চলাকালীন গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হয় এবং পরবর্তী সময়ে ঢাকার শহীদ সোহারাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে তাকে মৃত ঘোষণা করা হয় (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর পিতার নাম আব্দুল মান্নান এবং গ্রামের বাড়ি নোয়াখালী জেলার চাটখিল উপজেলায়। তাঁর অকাল মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর শোক প্রকাশ করে।

● জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ইকরামুল হক সাজিদ ১৪ আগস্ট সিএমএইচ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে এবং তাঁর শোক-সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানায়। গত ৪ আগস্ট, ২০২৪ তিনি মিরপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে অংশ নেয়া অবস্থায় গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন এবং পরবর্তী কালে সিএমএইচ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

● জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের অফিস সহায়ক কাজী হাফিজ আল আসাদ ১৫ জুন, ২০২৪ মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানায়।

● জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ফারহান আহসান চৌধুরী ৮ অক্টোবর রাজধানীর খিলগাঁও-এ মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানায়।

### বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহিদদের স্মরণে দোয়া মাহফিল

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে ১৯ আগস্ট, ২০২৪ কেন্দ্রীয় জামে মসজিদে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ সারাদেশে শাহাদাত বরণকারী ছাত্র-জনতার রুহের মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করে দোয়া মাহফিল আয়োজিত হয়।

### সাজিদের স্মরণ সভা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শাহাদাতবরণকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষার্থী শহিদ ইকরামুল হক সাজিদ-এর জন্য বিভাগের উদ্যোগে ৩০ সেপ্টেম্বর, ২০২৪ স্মরণসভা বিভাগীয় সেমিনারে আয়োজিত হয়। স্মরণসভায় উক্ত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ সাজিদের স্মৃতিচারণ করেন এবং তার রুহের মাগফিরাত কামনা করেন।

অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের পক্ষ থেকে সাজিদের প্রতি ভালোবাসার নিদর্শন স্বরূপ আর্থিক অনুদান উপাচার্য মহোদয় তাঁর পরিবারের নিকট হস্তান্তর করেন।



শহিদ ইকরামুল হক সাজিদ

### বিজ্ঞান অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন

১৯ ডিসেম্বর ২০২৪ বিজ্ঞান অনুষদভুক্ত জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সায়েন্স (ভলিয়ম: ১১, নাম্বার: ১) এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। জার্নালটির মোড়ক উন্মোচন শেষে এডিটোরিয়াল বোর্ডের সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন-এর সঙ্গে সাক্ষাৎ করেন।

এসময় উক্ত জার্নাল এডিটোরিয়াল বোর্ডের প্রধান সম্পাদক ও বিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের চেয়ারম্যানবৃন্দসহ জার্নালের অন্যান্য সহযোগী সম্পাদক ও সদসস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



জার্নাল অব সায়েন্স এর মোড়ক উন্মোচন করছেন উপাচার্য

### বিএনসিসি পদোন্নতিপ্রাপ্তদের ব্যাচ প্রদান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) পদোন্নতিপ্রাপ্ত ক্যাডেটদের ল্যান্স কর্পোরাল র‌্যাঙ্ক ব্যাচ পরিধান ৩১ ডিসেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন নব-পদমর্যাদাপ্রাপ্ত ক্যাডেটদের ল্যান্স কর্পোরাল র‌্যাঙ্ক ব্যাচ পরিয়ে দেন। এসময় মোট ১৮ জন ক্যাডেটদের ল্যান্স কর্পোরাল র‌্যাঙ্ক ব্যাচ পরানো হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি কন্টিনজেন্টের কোম্পানি কমান্ডার ও অফিসার ইনচার্জ পিইউও ড. আতিয়ার রহমান-এর সার্বিক তত্ত্বাবধায়নে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন পিইউও আবু হানিফ সরকার এবং পিইউও শফিকুল ইসলাম প্রমুখ।

প্রধান পৃষ্ঠপোষক: অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি, উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।। পৃষ্ঠপোষক: অধ্যাপক ড. সাবিনা শরমীন, ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।।
সম্পাদনায়: সম্পাদনা পর্ষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা।। এপ্রিল-ডিসেম্বর, ২০২৪ ।। ফোন: ৯৫৩৪২৫৫, ফ্যাক্স: +৮৮-০২-৪৭১১৮৪৪৯, ওয়েবসাইট: www.jnu.ac.bd
প্রকাশনায়: জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়